নিবন্ধন
এবং
ভোট দেয়া

পরিমার্জনের তারিখ : ২/২৩/২০১৭

বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক

32 Broadway, 7th floor
New York, New York 10004

এই বইটি ইংলিশ, স্প্যানিশ, চাইনিজ, কোরিয়ান এবং রুশ ভাষায় পাওয়া যায়।

অনুরোধ জানাতে ফোন করুনঃ

(212)V-O-T-E-N-Y-C

1-866-V-O-T-E-N-Y-C

Bengali

সূচীপত্র

বোর্ডের ভূমিকা---২
বরো অফিসগুলোর ঠিকানা এবং ফোন নম্বর সমূহ--------------------৩
ভোটের জন্য নিবন্ধন করা---৪-৫
দলে যোগদান করা/প্রাথমিক নির্বাচনে ভোট দেয়া---------------------৫-৬
আপনার নিবন্ধন হালনাগাদ রাখা---------------------------------------৬
অনুপস্থিত থেকে ভোট দেয়া--৭-৮
ভোট কোথায় দিবেন---৮
নিউ ইয়র্ক শহরের নির্বাচনগুলোর জন্য ভোটার নির্দেশিকা--------------৯

নির্বাচন/প্রস্তাবনা/গণভোটের মধ্যে পার্থক্য

নির্বাচন/প্রস্তাবনা/গণভোট--১০
নির্বাচনের দিন ভোট দেয়া---১০-১২
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী---১৩-১৮

বোর্ডের ভূমিকা

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক, দশজন কমিশনারকে নিয়ে গঠিত একটি প্রশাসনিক সংস্থা। প্রধান দুইটি দলের সুপারিশ অনুযায়ী সিটি কাউন্সিল প্রতিটি বরো থেকে দুইজন করে কমিশনারকে চার বছর মেয়াদের জন্য নিয়োগ করে। কমিশনারগণ বোর্ডের নির্বাহী এবং পাঁচটি বরো অফিসের দৈনন্দিন কাজকর্ম দেখাশোনার জন্য উভয় দল সমর্থিত কর্মচারীদের নিয়োগ করেন। নিউ ইয়র্ক শহরের নিম্নে উল্লেখিত কাজগুলো করার জন্য নিউ ইয়র্ক স্টেটের নির্বাচনী আইনানুযায়ী এই বোর্ড দায়বদ্ধ:

- ভোটার নিবন্ধনের আবেদনপত্রগুলো প্রক্রিয়াকরণ করা
- ভোটার নিবন্ধন রেকর্ডগুলো সংরক্ষণ এবং হালনাগাদ রাখা
- প্রার্থীর আবেদনপত্র/কাগজপত্রগুলো প্রক্রিয়াকরণ এবং যাচাই করা
- নির্বাচিত প্রার্থী এবং প্রচারণা কমিটির ক্যাম্পেইন ফাইন্যান্স ডিস-ক্লোজার বিবৃতি নথিভুক্ত করা
- নির্বাচন পরিচালনার জন্য নির্বাচনী কর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ এবং দায়িত্ব বণ্টন করা
- ভোটকেন্দ্রগুলো পরিচালনা করা
- নির্বাচনগুলোতে ভোটকেন্দ্রে অথবা অ্যাবসেন্টি ব্যালটে ভোট দেয়ার অনুমতি প্রদানের মাধ্যমে প্রত্যেক ভোটারের অধিকার নিশ্চিত করা
- প্রতিটি নির্বাচনের ভোটগুলো গণনা করা এবং ভোট গণনা সঠিক হয়েছে তা নিশ্চিত করা
- নির্বাচন সম্পর্কিত তথ্য বিতরণ করার মাধ্যমে ভোটারদের জন্য শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা
- বিভিন্ন রাজনৈতিক উপবিভাগের জন্য মানচিত্র তৈরি করা

বোর্ড অব ইলেকশনসের অফিসগুলোর ঠিকানা এবং ফোন নম্বর

ম্যানহাটান 200 Varick Street, 10th Floor New York, NY 10014 (212) 886-2100		**কুইন্স** 118-35 Queens Boulevard-11th floor Forest Hills, Queens, NY 11415 (718) 730-6730
ব্রনক্স 1780 Grand Concourse-5th floor Bronx, NY 10457 (718) 299-9017	**কার্যনির্বাহী অফিস** 32 Broadway, 7th floor New York, NY 10004 (212) 487-5300	**স্ট্যাটেন আইল্যান্ড** 1 Edgewater Plaza, 4t Floor Staten Island, NY 10305 (718) 876-0079
ব্রুকলিন 345 Adams Street, 4th Floor Brooklyn, New York 11201 (718) 797-8800		**ফোন ব্যাংক** 1-212-VOTE-NYC (868-3692) 1-866-VOTE-NYC TDD (212) 487-5496

ফোন ব্যাংক

ফোন ব্যাংক একটি ফোন কল বিতরণ ব্যবস্থার সাথে সংযুক্ত যার মাধ্যমে বোর্ডের কর্মচারীবৃন্দ একসাথে ৭০টি ফোন কল পরিচালনা করতে পারেন। ফোন ব্যাংক সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত পরিচালিত হয়। ফোন কল কারীরা যেসব বিষয়ে তথ্য সংগ্রহ করতে পারেনঃ ভোটকেন্দ্র; ভোটারের মর্যাদা; নিবন্ধনের সর্বশেষ সময়সীমা; এবং ভোট প্রদানের সরঞ্জামগুলো ব্যবহার সম্পর্কিত নির্দেশনা। এছাড়াও যে বিষয়গুলোর জন্য অনুরোধ জানাতে পারেনঃ ভোটার নিবন্ধন, অ্যাবসেন্টি ব্যালট এবং ভোট কর্মীর আবেদন পত্র। নির্বাচনের সময় ঘনিয়ে আসলে এই সময়সূচী সম্প্রসারণ করা হয়। ফোন ব্যাংকে একটি ‘আইভিআর **(ইন্টারেক্টিভ ভয়েস রেসপন্স)** সিস্টেম’ আছে যা আমাদের ২৪ ঘণ্টা সকলকে সেবা প্রদানে সহায়তা করে। ইংরেজি, স্প্যানিশ, চাইনিজ, কোরিয়ান এবং বাংলা ভাষায় রেকর্ডিং এই সিস্টেমের বৈশিষ্ট্য। নিয়মিত কার্যদিবসের বাইরে এই ‘স্বয়ংক্রিয় অপারেটর’ আবেদন পত্রের জন্য অনুরোধ কারীদের নাম এবং ঠিকানা রেকর্ড করে রাখে।

*২০২০ সালের আদমশুমারির ফলাফলের উপর ভিত্তি করে ভবিষ্যতে আরও ভাষা যোগ করার সম্ভাবনা রয়েছে।

ইন্টারনেট

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের ওয়েবসাইটে বোর্ডের যাবতীয় তথ্য হালনাগাদ করা হয় এবং ওয়েবসাইটের মাধ্যমে নির্বাচনের তারিখ, ভোটার নিবন্ধনের আবেদন পত্র কোথায় পাওয়া যাবে, মুদ্রণ যোগ্য নিবন্ধনের আবেদন পত্র, যা পূরণ করে ডাক যোগে বোর্ড অব ইলেকশনসের কাছে পাঠানো যাবে; বোর্ড অব ইলেকশনসের বরো অফিসগুলোর ঠিকানা এবং ফোন নম্বর; ভোটকেন্দ্রগুলোর অবস্থান এবং প্রতিটি নির্বাচনের নমুনা ব্যালট; রাজনৈতিক উপবিভাগগুলির মানচিত্র এবং নির্বাচনের দিন ভোটকেন্দ্রে যাবার দিক নির্দেশনা পাওয়া যাবে; আমাদের ওয়েবসাইটের ঠিকানা হচ্ছে http://vote.nyc.ny.us

ভোটের জন্য নিবন্ধন করা

যোগ্যতা সমূহ

নিউ ইয়র্ক শহরে ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে হলে, আপনাকে অবশ্যই:

১) মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে (পুয়েটো রিকো, গুয়াম এবং ইউ এস ভার্জিন আইল্যান্ডে জন্মগ্রহণকারীরাও অন্তর্ভুক্ত।)

২) নির্বাচনের কমপক্ষে ৩০ দিন আগে থেকে নিউ ইয়র্ক শহরে বসবাসরত নাগরিক হতে হবে। (দ্রষ্টব্যঃ আপনি সামরিক বাহিনীতে চাকরি করলে বা কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে আপনার ঠিকানা অনিচ্ছাকৃত ভাবে হারাবেন না/পাবেন না।)

৩) আপনি যে বছর নিবন্ধন পত্র জমা দিবেন সেই বছরের ৩১শে ডিসেম্বরের মধ্যে আপনার বয়স ১৮ বছর হতে হবে। (দ্রষ্টব্যঃ আপনি সাধারণ, প্রাথমিক, বা অন্য যেকোন নির্বাচনে ভোট দিতে চাইলে সেই নির্বাচনের তারিখের মধ্যে আপনার বয়স অবশ্যই কমপক্ষে ১৮ বছর হতে হবে।)

৪) গুরুতর অপরাধের জন্য কারারুদ্ধ হওয়া যাবে না, কিংবা গুরুতর অপরাধের কারণে প্যারোলে থাকা যাবে না।

৫) কোনো আদালতে মানসিকভাবে যোগ্য নয় বলে বিবেচিত হওয়া যাবে না।

৬) অন্য কোথাও (নিউ ইয়র্ক শহরের বাইরে) ভোটাধিকার দাবী করা যাবে না।

যদিও বছরের যেকোন সময়ে নিবন্ধন করতে পারেন, তবুও পরবর্তী নির্বাচনে কার্যকরী হতে আপনার আবেদন পত্র অবশ্যই **পরবর্তী নির্বাচনের কমপক্ষে ২৫ দিন আগে** জমা দিতে হবে অথবা ২৫ দিন আগের ডাকমোহর যুক্ত হতে হবে।

বিশেষ নির্বাচনের ক্ষেত্রে ভোটারের আবেদন পত্র অবশ্যই সেই নির্বাচনের তারিখের কমপক্ষে ১০ দিন আগে জমা দিতে হবে বা ১০ দিন আগের ডাকমোহর যুক্ত হতে হবে। (ভোটারকে অবশ্যই বিশেষ নির্বাচন অনুষ্ঠিতব্য জেলায় বসবাস করতে হবে।)

কিভাবে নিবন্ধন করবেন - নিবন্ধন ফরম – বাংলা

ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে আপনাকে অবশ্যই ভোটার নিবন্ধনের একটি আবেদন পত্র নীল বা কালো কালি দিয়ে পূরণ করে বোর্ড অব ইলেকশনসের কাছে পাঠাতে হবে অথবা সশরীরে আমাদের যেকোন একটি অফিসে জমা দিতে হবে। নিবন্ধনের আবেদন পত্রে অবশ্যই মূল স্বাক্ষর থাকতে হবে। ফ্যাক্সের মাধ্যমে প্রেরণ করা আবেদন পত্র গ্রহনযোগ্য নয়।

২০০২ সালে, মার্কিন যুক্তরাষ্ট্রের সরকার **"হেল্প আমেরিকা ভোট অ্যাক্ট" (হাভা)** আইন পাশ করেছে, এই আইনানুযায়ী প্রথমবার ভোটের জন্য নিবন্ধন কারী ভোটারকে পরিচয় সনাক্ত করার জন্য অবশ্যই কিছু বাড়তি প্রমাণ দিতে হবে। এই আইনানুযায়ী ভোটারকে ড্রাইভার্স লাইসেন্স বা নন-ড্রাইভার্স পরিচয়পত্রের নম্বর, সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা, বা ব্যাংক স্টেটমেন্ট, ইউটিলিটি বিল, ইত্যাদি দিতে হবে। যা কেবলমাত্র নতুন ভোটারদের ক্ষেত্রে প্রযোজ্য যারা ২০০৩ সালের পর প্রথমবারের মত নিবন্ধন করছেন।

পরিচয় সনাক্ত করার এই তথ্যের অনুরোধ করার জন্য ভোটার নিবন্ধনের আবেদন পত্রে পরিবর্তন করা হয়েছে। তবে, যদি কোন ব্যক্তি ভোটের জন্য নিবন্ধন করার সময় কোনো ধরনের পরিচয়পত্র জমা না দেন, তাহলে বোর্ড নতুন ভোটারকে পরিচয় প্রমাণের জন্য দরকার এরূপ তথ্য জমা দেয়ার অনুরোধ জানিয়ে একটি চিঠি পাঠাবে।

যদি ডাকযোগে একটি আবেদন পত্র পেতে চান, তাহলে 212-VOTE-NYC (868- 3692) অথবা 1-866-VOTE-NYC নম্বরে ফোন করুন।

ডিপার্টমেন্ট অব মটর ভেহিক্যালের সবগুলো অফিসে, পাবলিক লাইব্রেরীতে, পোষ্ট অফিস/ডাকঘর এবং আরও অনেক সরকারি সংস্থাতেও আবেদন পত্র পাওয়া যায়।

নিউ ইয়র্ক শহরে ভোটার নিবন্ধন স্থায়ী। তবে, আপনার নিবন্ধন বৈধ আছে তা নিশ্চিত করার জন্য যখনই বাসা বদলাবেন

তখন অবশ্যই দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা নিউ ইয়র্ক সিটিকে আপনার নতুন ঠিকানা জানাতে হবে, অথবা আপনি আপনার নাম পরিবর্তন করলেও জানাতে হবে। হালনাগাদ তথ্যসহ একটি নতুন ভোটার নিবন্ধন ফরম পূরণ করে এবং তা দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে জমা দেয়ার মাধ্যমে এটা করা যায়।

দলে যোগদান করা

নিউ ইয়র্ক স্টেটে দলে তালিকাভুক্ত হওয়া

ভোটার নিবন্ধনের আবেদন পত্রে একটি অংশ আছে যেখানে দলে তালিকাভুক্ত হওয়ার ক্ষেত্রে আপনার পছন্দ উল্লেখ করতে পারেন। যদি কোন দলকে মনোনীত না করেই নিবন্ধন করতে চান, তাহলে শুধু সেই জায়গাটিতে চিহ্ন দিন যেখানে লেখা আছে "আমি কোন দলে তালিকাভুক্ত হতে ইচ্ছুক নই।"

২০১৫ সাল থেকে নিবন্ধনের আবেদন পত্রে যেসব দলগুলোকে ব্যালটে মর্যাদাসহ তালিকাবদ্ধ করা হয়েছে সেগুলো হলো:

- ডেমোক্রেটিক পার্টি
- রিপাবলিকান পার্টি
- কনজারভেটিভ পার্টি
- গ্রিন পার্টি
- ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি
- ইন্ডিপেন্ডেন্স পার্টি
- ওমেন'স ইক্যুয়ালিটি পার্টি
- রিফর্ম পার্টি
- অন্য __________

আমি কোন রাজনৈতিক দলে নাম লেখাতে চাই না

- কোন পার্টিতে নয়

অন্যান্য/লিখে দিন শ্রেণীতে ভিন্ন কোন দলের নাম লেখা যাবে এবং আমরা সেই নামের প্রথম ১৫ অক্ষর নিবন্ধন ব্যবস্থায় প্রবেশ করাবো।

উল্লেখ্য, যেসব ব্যক্তি "অন্যান্য" বা "কোন পার্টিতে নয়" বেছে নেন তারা প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারবেন না।

দলে অন্তর্ভুক্তি/যোগদান ও প্রাথমিক পদ্ধতি

বেশিরভাগ প্রাথমিক নির্বাচনে, যেসব দল নিউ ইয়র্ক শহরে প্রাথমিক নির্বাচনে যোগ্য শুধুমাত্র সেই সব দলে অন্তর্ভুক্ত নিবন্ধিত ভোটাররাই সাধারণ নির্বাচনে প্রতিযোগিতা করার জন্য তাদের দলের প্রার্থী মনোনয়নে ভোট দিতে পারেন।

তারপর প্রতিটি পদের জন্য দলগুলোর মনোনীত প্রার্থীদের নাম সাধারণ নির্বাচনের ব্যালটে দেখা যাবে, সেইসাথে স্বতন্ত্র প্রার্থীদের নামও সাধারণ নির্বাচনের ব্যালটে থাকবে যারা দলের প্রাথমিকে অংশগ্রহণ ছাড়াই সাধারণ নির্বাচন প্রতিযোগিতায় এসেছেন।

দলের প্রাথমিক নির্বাচনে ভোট দেয়া

যেহেতু প্রাথমিক হলো কঠোরভাবে একটি দলীয় নির্বাচন, তাই প্রাথমিক পরিচালনাকারী দলে তালিকাভুক্ত ভোটাররাই কেবল সেই দলের প্রাথমিকে অংশ নিতে পারবে, যদি না দলের নিয়ম-কানুনে অন্য কিছু উল্লেখ করা হয়। সকল নিবন্ধিত

ভোটাররাই সাধারণ এবং বিশেষ নির্বাচনে ভোট দেয়ার যোগ্যতা রাখে।

আপনার দল অন্তর্ভুক্তিতে পরিবর্তন করতে

ভোটার নিবন্ধনের আবেদন পত্রে পরিবর্তনের বিষয়টি উল্লেখ করে এবং তা দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে জমা দেয়ার মাধ্যমে আপনি দল অন্তর্ভুক্তিতে পরিবর্তন করতে পারেন। আমরা এই পরিবর্তন প্রক্রিয়াকরণ করবো এবং দল পরিবর্তনের বিষয়টি উল্লেখ করে আপনাকে একটি নতুন ভোটার কার্ড পাঠাবো। আপনি দল অন্তর্ভুক্তিতে পরিবর্তন করতে পারবেন; তবে, সেই বছরেই আপনার পছন্দ করা নতুন পার্টির প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারবেন না।

মনে রাখবেন: পরবর্তী নভেম্বরের সাধারণ নির্বাচনের ১ সপ্তাহ পরে দলে তালিকা ভুক্তির পরিবর্তন কার্যকর হবে। আপনার দল পরিবর্তনের শেষ দিন এবং সাধারণ নির্বাচনের জন্য নিবন্ধনের সর্বশেষ দিন একই (সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবার ২৫ দিন পূর্বে)।

আপনার নিবন্ধন হালনাগাদ রাখা

আইন কি বলে

বাড়ির ঠিকানা নির্ধারণ করবে যে আপনি কোন নির্বাচনী প্রতিযোগিতায় ভোট দেয়ার যোগ্যতা রাখেন। নির্বাচনী ব্যবস্থায় বাড়ির ঠিকানা যে ভূমিকা পালন করে তার কারণে, **নিউ ইয়র্ক স্টেটের আইনানুযায়ী ভোটারদেরকে ভোট দেয়ার অধিকার সংরক্ষণ করার জন্য ঠিকানা পরিবর্তনের পরবর্তী ২৫ দিনের মধ্যে সেই সম্পর্কে বোর্ড অব ইলেকশনসকে জানাতে হবে।**

আপনার নিবন্ধনে পরিবর্তন করা

নিবন্ধনে কোন পরিবর্তন করার জন্য, আপনাকে অবশ্যই দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে লিখিতভাবে জানাতে হবে। আপনি এই পরিবর্তন উল্লেখ করে একটি পূরণ করা ভোটার নিবন্ধনের আবেদন পত্র দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে পাঠিয়ে দিতে পারেন।

নিবন্ধন হালনাগাদ রাখার জন্য নিয়মাবলী

নিবন্ধিত ভোটারদের তালিকা হালনাগাদ রাখার জন্য দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের নিয়মাবলী আছে। এনসিওএ **(ন্যাশনাল চেঞ্জ অব অ্যাড্রেস)** ব্যবস্থার সাথে সমন্বিত ভাবে, বোর্ড অব ইলেকশনস তার নিবন্ধিত ভোটারদের তালিকা মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক বিভাগের বাড়ী বদলানো ব্যক্তিদের তালিকার সাথে মিলিয়ে দেখে। এই কর্মসূচী নিয়মিত দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক সম্পন্ন করে থাকে। ডাক বিভাগের দেয়া এই তথ্য বোর্ডকে জানায় যে নিবন্ধিত ভোটারদের মধ্যে কারা স্টেটের মধ্যে বাসা বদল করেছেন অথবা স্টেট ছেড়ে চলে গেছেন। সেই ভোটারদের বাসা বদলের বিষয়ে নিশ্চিত হতে বোর্ড সেইসব ভোটারদের কাছে নোটিশ পাঠায় এবং সেই অনুযায়ী তালিকাটি হালনাগাদ করে।

প্রতি বছর অগাস্টে কোন এক সময়ে, নিউ ইয়র্ক শহরের সকল সক্রিয় নিবন্ধিত ভোটারের কাছে একটি তথ্য নোটিশ পাঠিয়ে ভোটারকে আসন্ন নির্বাচনের তারিখ, তার ইডি/এডি, ভোটকেন্দ্র, এবং নির্বাচনের সময়সূচী সম্পর্কে জানানো হয়। দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের কাছে বিলির অযোগ্য নোটিশগুলো ফেরত আসে, তখন ভোটারের কাছে একটি নিশ্চিতকরণ নোটিশ পাঠানো হয় যার মাধ্যমে তারা যেকোন একটি যাচাই করতে পারেনঃ

ক) নিশ্চিত করতে পারেন যে তারা বাসা বদল করেছেন; অথবা

খ) একটি এ্যাফিডেভিট (হলফ নামা) স্বাক্ষর করে জানাতে পারেন যে তারা বাসা বদল করেননি।

তারা নিউ ইয়র্ক শহরের মধ্যে বাসা বদল করলে, অবশ্যই দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে জানাতে হবে। একটি ভোটার নিবন্ধন ফরম পূরণ করে উল্লেখ করতে পারেন যে এটা ঠিকানা পরিবর্তন করার জন্য।

অনুপস্থিত থেকে ভোট দেয়া

অনুপস্থিত থেকে ভোট দেয়ার যোগ্য:

- নিবন্ধিত ভোটার কিন্তু নির্বাচনের দিন নিউ ইয়র্ক শহরের বাইরে থাকার কারণে নির্ধারিত ভোটকেন্দ্রে গিয়ে ভোট দেয়া সম্ভব নয় (যেমন, প্রাথমিক/সাধারণ/বিশেষ)।
- যদি কোন রায়ের অপেক্ষায় থাকেন, কিংবা ছোটখাটো অপরাধের কারণে কারাগারে থাকেন তাহলে অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন। তবে, বড় ধরনের অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকলে ভোট দেবার অধিকার হারাবেন এবং আপনি ১৯ নম্বর পৃষ্ঠায় উল্লেখ করা কতিপয় সর্তের অধীনে থেকে পুনরায় নিবন্ধন করতে পারেন।
- যদি অসুস্থ বা প্রতিবন্ধী হন, কিংবা হাসপাতালে বা দীর্ঘ-মেয়াদী রিহ্যাব ক্লিনিকে থাকেন, তাহলে অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন।

অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে ইচ্ছুক নিউ ইয়র্ক শহরের ভোটারদের জন্য দুইটি বিকল্প রয়েছেঃ

১) নির্বাচনের নির্ধারিত দিনের আগে আপনার বোর্ডের বরো অফিসে সশরীরে গিয়ে ভোট দেয়া।

২) ডাক মাধ্যমে ভোট দেয়া।

সশরীরে অ্যাবসেন্টি ভোটদান

অ্যাবসেন্টি ব্যালট প্রত্যয়িত হওয়ার সাথে সাথে এবং সেগুলো বরো অফিসে আসার পর পরই সশরীরে অ্যাবসেন্টি ভোটদান শুরু হয়। সশরীরে উপস্থিত হয়ে অ্যাবসেন্টি ভোটদান নির্বাচনের আগের দিন শেষ হয়।

সশরীরে অ্যাবসেন্টি ভোটদান উপরে উল্লেখিত সময়ে বোর্ড অব ইলেকশনসের বরো অফিসগুলোতে অনুষ্ঠিত হয়। সময়সূচী হলো **সকাল ৯টা থেকে বিকাল ৫টা** পর্যন্ত। সাপ্তাহিক কর্ম দিবসে এবং নির্বাচন পূর্ববর্তী শেষ সাপ্তাহিক ছুটির দিনগুলোতে। প্রতিটি নির্বাচনের নির্ধারিত তারিখের তালিকার জন্য নিউ ইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশনসের ওয়েবসাইট দেখুন।

ডাকযোগে অ্যাবসেন্টি ভোটদান

ডাকযোগে পাঠানো অ্যাবসেন্টি ব্যালটের জন্য লিখিত অনুরোধ অবশ্যই নিউ ইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশনসের অফিসে নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে সাত দিন আগে পৌছাতে হবে। নিউ ইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশনসের ওয়েবসাইট থেকেও **অ্যাবসেন্টি ব্যালট আবেদন পত্র** সংগ্রহ করা যাবে। অ্যাবসেন্টি ব্যালট আবেদন পত্রে অবশ্যই নিম্নলিখিত তথ্যগুলো উল্লেখ থাকতে হবে:

- নাম
- ভোটার নিবন্ধনের আবেদন পত্রে দেয়া ঠিকানা
- চিঠি পাঠানোর ঠিকানা (যদি ভিন্ন হয়)
- অ্যাবসেন্টি ব্যালটের জন্য অনুরোধ করার কারণ
- নির্বাচনের ধরন (প্রাথমিক, সাধারণ, বিশেষ) এবং নির্বাচনের তারিখ
- স্বাক্ষর

গণনায় আসার জন্য, অ্যাবসেন্টি ব্যালটের (এবং পূরণ করা আবেদন পত্র) খামের উপর অবশ্যই নির্বাচনের আগের দিনের বা পূর্বের ডাক মোহর থাকতে হবে এবং নির্বাচনের পর সাত (৭) দিনের মধ্যে দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের কাছে পৌছাতে হবে।

অ্যাবসেন্টি ব্যালট পূরণ করা

অ্যাবসেন্টি ব্যালট পাবার পর, উপরে মুদ্রিত নির্দেশনাগুলো পড়ুন। লক্ষ্য করবেন যে ব্যালট চিহ্নিত করার সঠিক উপায় হচ্ছে পছন্দের উপরের অথবা পাশের বৃত্তগুলো পূরণ করা। ব্যালটের উপর অন্য কিছু লিখবেন না বা কোন প্রকার দাগ দিবেন না। শুধুমাত্র তখনি ব্যালটে কিছু লিখতে পারেন যখন এমন কোন ব্যক্তিকে ভোট দিতে চান যার নাম ব্যালটে নেই, তখন নির্ধারিত ঘরে তার নাম লিখে এবং সেই ঘরের বৃত্তটি পূরণ করতে পারেন। যদি কোন প্রশ্নের উপর ভোট থাকে, প্রশ্নগুলো ব্যালটের পেছনে খুঁজে পাবেন। 'হাঁ' বা 'না' এর উপরের অথবা পাশের বৃত্তটি পূরণ করে পছন্দ চিহ্নিত করুন। কাগজের ব্যালটগুলো স্ক্যানারে স্ক্যান করে ভোট গণনা করা হয়, সুতরাং নির্দেশনা অনুসরণ করে সঠিকভাবে চিহ্ন দিতে ভুলবেন না।

ব্যালটে আপনার পছন্দের পাশের বৃত্তগুলো পূরণ করার পর, ব্যালটটি ভাঁজ করে ছোট খামে ভরে খামটির পিছনে স্বাক্ষর করুন এবং তারিখ বসান। বন্ধ খামটি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের ঠিকানা লেখা বড় খামটিতে ভরুন। পর্যাপ্ত ডাকমাশুলসহ খামটি ডাকে ফেলুন অথবা অন্যান্য অংশে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে ব্যালট জমা দিন।

ভোট কোথায় দিবেন

ভোটকেন্দ্রগুলো শহরের বিভিন্ন জায়গায় অবস্থিত। ভোটার শুধুমাত্র নির্ধারিত ভোটকেন্দ্রেই ভোট দিতে পারবেন। ঠিকানা অনুযায়ী সঠিক ইলেকশন ডিসট্রিক্ট/অ্যাসেম্বলি ডিসট্রিক্ট (ইডি/এডি) ভোটকেন্দ্রে উপস্থিত হবার বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন। ভোটকেন্দ্রগুলো ভোট গ্রহণের জন্য সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকে।

সঠিক ভোটকেন্দ্রের অবস্থান খুঁজে পেতে:

- **অনলাইন ভোটকেন্দ্রের ঠিকানা অনুসন্ধান** ওয়েবসাইট http://nyc.pollsitelocator.com/Search.aspx এর সাহায্য নিন।
- 1.866.VOTE.NYC নম্বরে ফোন ব্যাংকে কল করুন।
- vote@boe.nyc.ny.us এই ঠিকানায় আমাদের কাছে আপনার সম্পূর্ণ ঠিকানা ইমেইল করুন এবং আমরা আপনার ভোটকেন্দ্রের অবস্থান জানিয়ে ইমেইল করবো (বিষয়ের ক্ষেত্রে পৌরসভার/বরোর নাম উল্লেখ করুন)।

ভোটকেন্দ্রে প্রবেশ সহজ করা

বোর্ড মিলিত প্রচেষ্টায় সকল বাধা সরিয়ে বয়স্ক এবং প্রতিবন্ধী ভোটারদের জন্য নিউ ইয়র্ক শহরের ভোটকেন্দ্রগুলোতে সহজে প্রবেশযোগ্য পথ করে দিয়েছে।

এই পদক্ষেপগুলোর মধ্যে রয়েছে:

- চলাচলের ক্ষেত্রে সমস্যা আছে এমন ভোটারদের প্রবেশের সুবিধার জন্য ঢালু পথ নির্মাণ অথবা অস্থায়ী ঢালু পথ স্থাপন।
- দরজা, হাতল, আলোক সরঞ্জাম ও হাটার রাস্তা ইত্যাদি মেরামত করা। কিছু ক্ষেত্রে, ভোটকেন্দ্রগুলোকে আরও সহজে প্রবেশযোগ্য ভবনে স্থানান্তর করা হয়েছে।

যদি কোন ভোটকেন্দ্র প্রবেশের অযোগ্য মনে হয়, তাহলে সেই বিশেষ ভোটকেন্দ্র ব্যবহারকারী সব ভোটারদের কাছে একটি চিঠি পাঠানো হয়। চিঠির বিষয়বস্তু হচ্ছে ভোটারকে তাদের বরো অফিসের সাথে যোগাযোগ করে একই ভোটপত্রের মাধ্যমে

ভোটদানের জন্য নথিপত্রসহ সহজে প্রবেশযোগ্য ভোটকেন্দ্রে স্থানান্তর করার অনুরোধ করা। ভোটার তার পূর্বের ভোটকেন্দ্রেই ভোট দিতে পারেন কিংবা অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন।

টিডিডি সার্ভিস

ফোন ব্যাংকে বধিরদের জন্য একটি **টেলিযোগাযোগ যন্ত্র (টিডিডি)** স্থাপন করা হয়েছে যা কানে শুনতে পারেন না এবং টিডিডি ব্যবহার করতে পারেন এমন ভোটারদের যেকোনো প্রশ্নের উত্তর দিবে। (212)487-5496 হচ্ছে টিডিডি নম্বর।

স্থায়ী অ্যাবসেন্টি ব্যালট

বাড়ি থেকে বের হতে অক্ষম কিংবা দীর্ঘ-মেয়াদী ক্লিনিকের বাসিন্দা ভোটাররা নির্দিষ্ট ঠিকানায় স্থায়ীভাবে অ্যাবসেন্টি ব্যালট পাওয়ার জন্য লিখিতভাবে আবেদন করতে পারেন। প্রতিটি নির্বাচনের জন্য ভোটারের কাছে একটি ব্যালট স্বয়ংক্রিয়ভাবে ডাকযোগে পাঠিয়ে দেয়া হবে। ব্যালটের খামটির উপর নির্বাচনের আগের দিনের বা পূর্বের ডাক মোহর থাকতে হবে এবং নির্বাচনের পরবর্তী সাত (৭) দিনের মধ্যে তা বোর্ড অব ইলেকশনসে পৌছাতে হবে।

নিউ ইয়র্ক শহরের নির্বাচনগুলোর জন্য ভোটার নির্দেশিকা

নির্বাচনের জন্য নিউ ইয়র্ক শহরের ব্যালটে নিম্নলিখিত সরকারি অফিসগুলোর উল্লেখ থাকতে পারে

- মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্টের জন্য নির্বাচকমণ্ডলী
- যুক্তরাষ্ট্রের সিনেটর
- ইউ.এস.হাউস অব রিপ্রেজেনটেটিভস এর সদস্য
- নিউ ইয়র্ক স্টেটের গভর্নর
- নিউ ইয়র্ক স্টেটের লেফটেন্যান্ট গভর্নর
- নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল
- নিউ ইয়র্ক স্টেট কম্পট্রোলার
- নিউ ইয়র্ক স্টেট সিনেটর
- নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্য
- নিউ ইয়র্ক সিটি মেয়র
- নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট
- নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার
- বরো প্রেসিডেন্ট
- নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য
- ডিসট্রিক্ট অ্যাটর্নি
- সারোগেট জাজ
- স্টেট সুপ্রিম কোর্ট জাস্টিস
- নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্ট জাজ

নির্বাচন/প্রস্তাবনা/গণভোট এর মধ্যে পার্থক্য

নির্বাচনের সময়সূচী

দলীয় মনোনয়নের জন্য নির্বাচিত অফিসগুলোতে প্রাথমিকগুলোর জন্য বর্তমানে সেপ্টেম্বরে সময়সূচী নির্ধারণ করা হয়েছে, সাধারণ নির্বাচনের জন্য সময় হচ্ছে নভেম্বরে। প্রেসিডেন্ট পদে নির্বাচনের বছরগুলোতে, প্রেসিডেন্সিয়াল প্রাথমিক নির্বাচন বছরের শুরুর দিকে অনুষ্ঠিত হয়। সকল নির্বাচন সম্পর্কিত তথ্যের জন্য দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক ওয়েবসাইট www.vote.nyc.ny.us দেখুন।

প্রাথমিক, বিশেষ, সাধারণ নির্বাচন

প্রাথমিক নির্বাচনের আয়োজন করা হয় যাতে যোগ্য রাজনৈতিক দলগুলোর তালিকাভুক্ত ভোটাররা তাদের দলের মনোনীত ব্যক্তিদেরকে সরকারি অফিসের প্রার্থী হিসেবে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য বেছে নিতে এবং দলীয় কর্মকর্তাদেরকে সঠিকভাবে নির্বাচিত করতে পারে। যেহেতু প্রাথমিক হলো একটি দলীয় নির্বাচন, তাই প্রাথমিক পরিচালনাকারী দলের তালিকাভুক্ত ভোটাররাই কেবল সেই দলের প্রাথমিকে অংশ নিতে পারে, যদি না দলের নিয়ম কানুনে অন্যভাবে অনুমতি দেয়া হয়ে থাকে। যখন মেয়াদ শেষ হওয়ার আগে পদ শূন্য হলে **বিশেষ নির্বাচন** অনুষ্ঠিত হয়।

- কংগ্রেস সদস্য, নিউ ইয়র্ক স্টেট সিনেটর এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি সদস্যের কোন শূন্য পদ পূরণের জন্য বিশেষ নির্বাচনের কথা জানিয়ে নিউ ইয়র্ক স্টেটের গভর্নর একটি ঘোষণা দেন।
- মেয়র, কম্পট্রোলার, পাবলিক অ্যাডভোকেট, বরো প্রেসিডেন্ট বা নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের কোন সদস্যের শূন্য পদ পূরণের জন্য বিশেষ নির্বাচনের কথা জানিয়ে নিউ ইয়র্ক সিটি মেয়র একটি ঘোষণা দেন।

সরকারি অফিসগুলোতে প্রার্থী নির্বাচনের জন্য একটি সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। স্বতন্ত্র প্রার্থীদের নামের পাশাপাশি, দলের প্রাথমিক নির্বাচনে নির্বাচিত প্রার্থীদের নাম ব্যালটে দেখা যায়।

বিশেষ বা সাধারণ নির্বাচনে ভোট দেয়ার জন্য কোন দলে তালিকাভুক্ত হওয়ার প্রয়োজন নেই।

প্রস্তাবনা, ব্যালট প্রশ্ন এবং গণভোট সমূহ পরিমাপ

রাষ্ট্রের সংবিধানে বা নিউ ইয়র্ক সিটি চার্টারে কোন পরিবর্তন করার জন্য, অথবা কিছু নির্দিষ্ট তহবিলের খরচ অনুমোদনের জন্য স্টেটের আইন প্রণয়নকারী সংস্থা, মেয়র, এবং/অথবা সিটি কাউন্সিলের কিছু নির্দিষ্ট প্রস্তাবনা, প্রশ্ন ও সংশোধনী নিউ ইয়র্ক শহরের ভোটারদের জন্য ব্যালটে উল্লেখ করতে হয়। সেইসাথে, সিটি চার্টারের কোন সংশোধনী ব্যালটে উল্লেখ করা যেতে পারে যদি তা আইনি শর্তাবলী পূরণ করে এবং প্রস্তাবকরা শহরের নিবন্ধিত ভোটারদের মধ্যে কমপক্ষে ৫% ভোটারের স্বাক্ষর সংগ্রহ করার মাধ্যমে গণ সমর্থনের বিষয়টি দেখাতে পারেন।

নির্বাচনের দিন ভোট দেয়া

ধাপ ১ – "ভোট কোথায় দিবেন"

বর্তমান ঠিকানা অনুযায়ী সঠিক ভোটকেন্দ্র ও ইলেকশন ডিসট্রিক্টে (ই.ডি) উপস্থিত হবার ব্যাপারে নিশ্চিত হয়ে নিবেন।

ভোটকেন্দ্রগুলো ভোটের দিন **সকাল ৬টা থেকে রাত ৯টা** পর্যন্ত খোলা থাকে।

ওয়েবসাইটে **'খুঁজে নিন'** চেপে আপনার ভোটকেন্দ্র কোনটি তা নিশ্চিত করুন

http://nyc.pollsitelocator.com/Search.aspx

ধাপ ২ - ভোটকেন্দ্রে "একজন অবহিত ভোটার হোন"

লাইনে দাঁড়ানোর আগে প্রতিটি ভোটকেন্দ্রের দেয়ালে নমুনা ব্যালট এবং ভোট দেয়ার নির্দেশনাগুলো দেখতে ভুলবেন না। দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের ওয়েবসাইটে www.vote.nyc.ny.us একটি নমুনা ব্যালট আছে।

ধাপ ৩ - "সাইন-ইন" করা

ভোট দেয়ার জন্য, অবশ্যই আপনার জন্য নির্ধারিত ইলেকশন ডিসট্রিক্টের ভোটকেন্দ্রে যেতে হবে যা ভোটার নিবন্ধন কার্ড অথবা বার্ষিক তথ্য বিজ্ঞপ্তিতে (এই বিজ্ঞপ্তিটি প্রতি বছরের অগাস্টে সকল নিবন্ধিত সক্রিয় ভোটারের কাছে পাঠানো হয়) উল্লেখ আছে অথবা সঠিক ভোটকেন্দ্রে ও ইলেকশন ডিসট্রিক্টে আছেন তা নিশ্চিত করার জন্য স্ট্রিট লোকেটর ব্যবহার করে ঠিকানা খুঁজে দেখার জন্য ভোটকেন্দ্রে কর্মরত কোন নির্বাচনী কর্মীকে বলুন।

ধাপ ৪ - "যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়"

নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ব্যতীত উভয় দলের সমর্থিত প্রশিক্ষণপ্রাপ্ত ভোট কর্মীদের একটি দল অথবা পছন্দানুযায়ী যেকোন একজন ব্যক্তি আপনাকে ব্যালট চিহ্নিত করতে এবং ভোট দিতে সাহায্য করতে পারবেন। ফেডারেল আইন অনুযায়ী নির্ধারিত ভোটকেন্দ্রগুলোতে, ভোটারদেরকে সাহায্য করার জন্য বোর্ড নিযুক্ত দোভাষীরা উপস্থিত থাকবেন।

ধাপ ৫ – "আপনার ব্যালট চিহ্নিত করা এবং ভোট দেয়া"

নির্দেশনামূলক ভিডিও

- দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের ওয়েবসাইট www.vote.nyc.ny.us যান।
- এই ওয়েবপেজের উপরে ডানদিকে "চিহ্নিত করুন, স্ক্যান করুন, নতুন পদ্ধতিতে ভোট দিন" চাপুন।

নির্দেশনামূলক ভিডিওতে দেয়া নির্দেশনাগুলোর বিবরণ

১) আপনার ব্যালট নিন

- আপনার জন্য নির্ধারিত ভোটকেন্দ্রে যান, স্বাক্ষর করে নির্বাচনী কর্মীর কাছ থেকে কাগজের ব্যালট এবং গোপনীয় খাম নিন
- চিহ্নিত করা ব্যালটের গোপনীয়তা রক্ষা করার জন্য একটি খাম দেয়া হবে
- গোপন কক্ষে যান

২) আপনার ব্যালট চিহ্নিত করুন

- প্রদত্ত কলম দিয়ে পছন্দের পাশের বা উপরের বৃত্তটি সম্পূর্ণ কালো করার মাধ্যমে ব্যালট চিহ্নিত করুন
- " X " অথবা "✔" চিহ্ন ব্যবহার করবেন না
- বৃত্তের চারদিকে গোল দাগ দেবেন না বা ব্যালটের উপর অন্য কোন প্রকার দাগ দেবেন না
- প্রার্থীদের নাম লিখে দেবার ক্ষেত্রে, যথাযথ বৃত্তটি পূরণ করুন এবং প্রার্থীর নাম লিখে দিন
- যে সব ভোটারদের সাহায্য দরকার অথবা যারা তাদের ব্যালটের লেখা বড় করে দেখতে চান তাদের জন্য রয়েছে **ব্যালট মার্কিং ডিভাইস (বিএমডি)**

৩) আপনার ব্যালট স্ক্যান করুন

- ব্যালটটি স্ক্যানারের জায়গায় নিয়ে যান
- স্ক্যানারের ভেতরে প্রবেশ করানোর আগে **আপনার ব্যালটটি ভাঁজ করবেন না**
- চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করিয়ে ভোটদান সম্পন্ন করুন

ধাপ ৬ - জরুরী ব্যালটের মাধ্যমে ভোটদান

- যদি কোন কারণে ভোটকেন্দ্রের স্ক্যানারটি কাজ না করে, তাহলে আপনাকে কাগজের ব্যালট দেয়া হবে। স্টেট আইনানুযায়ী দিনের শেষে যখন ভোটকেন্দ্র বন্ধ হয়ে যাবে তখন নির্বাচনী কর্মীরা জরুরী ব্যালটগুলো গণনা করবেন।
- খাম এবং ব্যালট গোপন কক্ষে নিয়ে যান
- নীল বা কালো কালির একটি কলম দিয়ে আপনার পছন্দগুলো চিহ্নিত করুন।
- ভোট দেয়ার সঠিক উপায় হলো পছন্দের পাশের বা উপরের বৃত্তগুলো পূরণ করা।
  মনে রাখবেন, ব্যালটের উপর অন্য কিছু লিখবেন না বা কোন প্রকার দাগ দেবেন না
- স্ক্যানারের জরুরী স্লটে আপনার ব্যালটটি রাখুন
- যদি আপনার নাম নিবন্ধিত ভোটারদের তালিকায় না থাকে অথবা সেই তালিকায় আপনার স্বাক্ষর না থাকে, তাহলে আপনাকে একটি এ্যাফিডেভিট ব্যালট দেয়া হবে এবং সেই ব্যালটটি ভেতরে রেখে বন্ধ করে দেয়ার জন্য একটি খাম দেয়া হবে। ভোটকেন্দ্র বন্ধ হবার পর, বন্ধ খামগুলো দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের বরো অফিসগুলোতে নিয়ে আসা হবে যেখানে আপনার ভোট গণনা করার আগে উভয় পক্ষের সমর্থিত প্রশিক্ষণপ্রাপ্ত ভোট কর্মীদের একটি দল আপনার নিবন্ধন যাচাই করে দেখবে।
- নির্বাচন কর্মী যে খাম এবং ব্যালট দেবেন সেগুলো গোপন কক্ষে নিয়ে যান
- খামটি পূরণ করুন। প্রযোজ্য ক্ষেত্রে খণ্ড এ, বি, সি এবং ডি সম্পূর্ণভাবে পূরণ করেছেন সে বিষয়ে নিশ্চিত হয়ে নিন
- নীল বা কালো কালির একটি কলম দিয়ে ব্যালটে পছন্দগুলো চিহ্নিত করুন
- ভোট দেয়ার সঠিক উপায় হলো পছন্দের পাশের বা উপরের বৃত্তগুলো পূরণ করা। মনে রাখবেন, ব্যালটের উপর অন্য কোন প্রকার দাগ দেবেন না
- ব্যালটটি খামে ভরুন
- খামটি বন্ধ করে নির্বাচন কর্মীকে দিয়ে দিন
- আপনার ভোট দেয়া সম্পন্ন হয়েছে

- স্ক্যানার ব্যবহার করে ভোট দেয়ার জন্য যদি **হেল্প আমেরিকা ভোট এক্ট (হাভা)** এর নিয়মানুযায়ী আপনি পরিচয়পত্র দেখাতে বাধ্য কিন্তু যদি তা করতে না পারেন বা করতে না চান, তাহলে আপনাকে **একটি এ্যাফিডেভিট ব্যালট** এবং সেই ব্যালটটি ভেতরে রেখে বন্ধ করে দেবার জন্য একটি খাম দেয়া হবে। ভোটকেন্দ্র বন্ধ হবার পর, বন্ধ খামগুলো দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের বরো অফিসগুলোতে নিয়ে আসা হবে যেখানে ভোট গণনা করার আগে উভয় পক্ষের সমর্থিত প্রশিক্ষণপ্রাপ্ত ভোট কর্মীদের একটি দল নিবন্ধনগুলো যাচাই করে দেখবে।
- নির্বাচন কর্মী যে খাম এবং ব্যালট দেবেন সেগুলো গোপন কক্ষে নিয়ে যান
- খামটি পূরণ করুন। প্রযোজ্য ক্ষেত্রে খণ্ড এ, বি, সি এবং ডি সম্পূর্ণভাবে পূরণ করেছেন সে বিষয়ে নিশ্চিত হয়ে নিন
- নীল বা কালো কালির একটি কলম দিয়ে ব্যালটে পছন্দগুলো চিহ্নিত করুন
- ভোট দেয়ার সঠিক উপায় হলো পছন্দের পাশের বা উপরের বৃত্তগুলো পূরণ করা। মনে রাখবেন, ব্যালটের উপর অন্য কোন প্রকার দাগ দেবেন না
- ব্যালটটি খামে ভরুন
- খামটি বন্ধ করে নির্বাচন কর্মীকে দিয়ে দিন
- আপনার ভোট দেয়া সম্পন্ন হয়েছে

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

ভোটার নির্দেশিকা

নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড শুধুমাত্র মিউনিসিপাল নির্বাচনগুলোর প্রাথমিক এবং সাধারণ উভয় নির্বাচনের জন্যে একটি "ভোটার নির্দেশিকা" তৈরি করেছে। প্রাথমিক নির্বাচনের আগে নিউ ইয়র্ক শহরের যে সব বাড়ীতে নিবন্ধিত ভোটার আছে তার সবগুলোতে এই নির্দেশিকা পাঠানো হয়। যদি নির্দেশিকাটি না পেয়ে থাকেন, তাহলে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডে (212)306-7100 নম্বরে ফোন করুন। এছাড়াও অন্যান্য ফেডারেল এবং স্টেট পর্যায়ের প্রতিযোগিতার খবরাখবরের জন্য সংবাদ মাধ্যমে প্রকাশিত বিবৃতিসহ আপনার কমিউনিটিতে প্রার্থীদের সম্মেলন এবং বিতর্কগুলোর দিকেও লক্ষ্য রাখুন।

"কোন ব্যক্তি ভোট দেয়ার যোগ্যতা রাখেন?"

- আপনাকে অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- সাধারণ, প্রাথমিক, বা অন্য যে নির্বাচনে ভোট দিতে চান সেই নির্বাচন অনুষ্ঠিত হবার তারিখের মধ্যে আপনার বয়স অবশ্যই ১৮ বছর হতে হবে।

দ্রষ্টব্য: এই নিবন্ধনপত্রটি **শুধুমাত্র** নিউ ইয়র্ক শহরের (ম্যানহাটান, ব্রুকলিন, কুইন্স, ব্রনক্স এবং স্ট্যাটেন আইল্যান্ড) বাসিন্দাদের জন্য। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন পত্রটি পূরণ ও ফেরত দেয়ার বিষয়টি নিশ্চিত করবেন।

"আমি কোথায় ডাকযোগে নিবন্ধনের আবেদনপত্র পেতে পারি?"

আপনার ডাক মাধ্যমে যোগাযোগের ঠিকানা vote@boe.nyc.ny.us তে ইমেইল করুন (বিষয়ের ক্ষেত্রে আপনি যে বরোতে বাস করেন উল্লেখ করুন) অথবা টোল-ফ্রি 1-866-VOTE-NYC নম্বরে ফোন করুন (নিউ ইয়র্ক শহরের বাইরে থেকে, (212)-VOTE-NYC (868-3692) নম্বরে ফোন করুন) এবং একটি আবেদন পত্র পাঠানোর জন্য অনুরোধ জানান। এছাড়াও স্থানীয় ডাকঘর, লাইব্রেরী বা মটর ভেহিক্যালের অফিস থেকে আবেদন পত্র সংগ্রহ করতে পারেন। আরও তথ্যের জন্য আমাদের রেজিস্ট্রেশন পেইজ দেখুন। ফরমটি ডাউনলোড করতে পারেন এবং ডাকমাশুল দিয়ে এটা আমাদের কাছে ফেরত পাঠাতে পারেন।

http://vote.nyc.ny.us/downloads/pdf/forms/boe/voterreg/voterregbengali.pdf

"আমি কি সশরীরে নিবন্ধন করতে পারি?"

হ্যাঁ পারেন। অনেক সরকারি সংস্থা এখন ভোটার নিবন্ধন ফরম সরবরাহ করে এবং ফরম পূরণের সহায়তা দিয়ে থাকে। এছাড়াও বোর্ড অব ইলেকশনসের যেকোন বরো অফিসে সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টার মধ্যে সশরীরে উপস্থিত হয়ে নিবন্ধন করতে পারেন।

আবেদন পত্র পূরণ করার পর ৪ থেকে ৬ সপ্তাহের মধ্যে যদি নিবন্ধন কার্ড না পান, তাহলে আবেদন পত্র প্রক্রিয়াকরণ করা হয়েছে কিনা তা জানার জন্য দ্যা বোর্ড অব ইলেকশনস দ্যা সিটি অব নিউ ইয়র্কের টোল-ফ্রি ফোন ব্যাংক 1-866-VOTE-NYC নম্বরে অথবা নিউ ইয়র্ক সিটির বাইরে থাকলে (212)VOTE-NYC নম্বরে ফোন করতে পারেন।

"যদি আমি নিউ ইয়র্ক শহরের কোন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করি এবং অন্য কোন স্টেটের বাসিন্দা হই, সেই ক্ষেত্রে আমি কিভাবে নির্বাচনে ভোট দিতে পারবো?"

অন্য কোন স্টেটের বাসিন্দা কিন্তু নিউ ইয়র্ক শহরের কোন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করেন এবং নিউ ইয়র্কে নিবন্ধন করতে ইচ্ছুক হলে অবশ্যই নিউ ইয়র্ক শহরে বসবাস করছেন উল্লেখ করে একটি নিবন্ধন পত্র পূরণ করতে হবে। এইটি অন্য যেকোন নিবন্ধনের মতই বিবেচনা করা হবে।

"আমাকে কি প্রতি বছর নিবন্ধন করতে হবে?"

না। একবার নিবন্ধন করলে, স্থায়ীভাবে নিবন্ধিত হয়ে যাবেন, যদি না:

- আপনার নিবন্ধন বাতিল করা হয়ে থাকে (কোন ভোটার পর পর দুইটি ফেডারেল নির্বাচনে ভোট না দিলে তিনি নিষ্ক্রিয় অবস্থায় চলে যান এবং পঞ্চম বছরে তার নাম নিবন্ধন থেকে অপসারণ করা হয়। ভোট দেয়ার যোগ্যতা পেতে সেই ভোটারকে অবশ্যই পুনরায় নিবন্ধন করতে হবে)।
- আপনি বড় ধরনের অপরাধে দোষী সাব্যস্ত হোন।
- কোন আদালত আপনাকে মানসিকভাবে অযোগ্য বলে ঘোষণা করে।

একটি নতুন নিবন্ধন পত্র জমা দেয়ার মাধ্যমে নাম, ঠিকানা ও দলের তালিকাভুক্ততে পরিবর্তন করা যায়। যদি বাসা বদল করেন, অবিলম্বে পুনরায় নিবন্ধন করার মাধ্যমে দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ককে তা জানাতে হবে। দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক যখন কোন ভোটারের নিউ ইয়র্ক শহরের অন্য কোন ঠিকানায় বাসা বদল করার নোটিশ পায় **তখন** সেই ভোটারের নিবন্ধন ও তালিকাভুক্তকরণে পরিবর্তন আনে, অথবা কোন ভোটার যদি এ্যাফিডেভিট ব্যালটের খামে করে ব্যালট জমা দিয়ে ভোট দেন এবং সেখানে নতুন ঠিকানা উল্লেখ করেন তাহলে বাতিল যোগ্য এ্যাফিডেভিট ব্যালটের খামে পাওয়া তালিকাভুক্ত পরিবর্তন করার ফরমটি প্রক্রিয়াকরণ করবে।
যদি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক কোন প্রাথমিক, বিশেষ বা সাধারণ নির্বাচনের কমপক্ষে বিশ দিন আগে নোটিশ পায়, তাহলে তারা অবশ্যই নির্বাচনের আগে ঠিকানা পরিবর্তনের কাজটি সম্পন্ন করবে।

"আমি কিভাবে জানবো যে কোথায় ভোট দিতে হবে?"

অগাস্টের কোন এক সময়ে দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্কের কাছ থেকে একটি বিজ্ঞপ্তি পাবেন, যেখানে আপনাকে জানানো হবে যে কোথায় ভোট দিতে হবে। এছাড়াও এটিতে আপনার ইলেকশন ডিসট্রিক্ট/অ্যাসেম্বলি ডিসট্রিক্টের নম্বর উল্লেখ করা থাকবে যা নির্বাচনের দিন আপনার জানা থাকতে হবে। অথবা, vote@boe.nyc.ny.us ঠিকানাতে আপনার বাড়ির সম্পূর্ণ ঠিকানা ইমেইল করে দিতে পারেন (বিষয়ের ক্ষেত্রে বরো উল্লেখ করুন)।

অনলাইন ভোটকেন্দ্রের ঠিকানা অনুসন্ধান ব্যবহার করার জন্য এখানে ক্লিক করুন:

http://nyc.pollsitelocator.com/Search.aspx

"প্রার্থীদের নাম কিভাবে ব্যালটে আসে?"

নিউ ইয়র্ক স্টেটে, বেশিরভাগ ক্ষেত্রে সুনির্দিষ্ট সংখ্যক স্বাক্ষরসহ একটি পিটিশন জমা দেয়া হলে প্রার্থীর নাম ব্যালটে আসে। কোন অফিসের পদের জন্য প্রার্থী হচ্ছেন এবং প্রার্থী কোন দলের মনোনয়ন চাচ্ছেন, নাকি একজন স্বতন্ত্র প্রার্থী হিসেবে ব্যালটে স্থান চাচ্ছেন, তার উপর ভিত্তি করে প্রয়োজনীয় সংখ্যাটি কম-বেশী হয়ে থাকে। কিছু কিছু প্রার্থী রাজনৈতিক কমিটি ও সম্মেলনের মাধ্যমে মনোনয়ন পেয়ে থাকেন।

"কারা পিটিশনে স্বাক্ষর করতে পারে?"

যেসব প্রার্থী তাদের দলের মনোনয়ন পেতে চায় তাদের পক্ষে যথাযথ জেলায় বসবাসকারী কেবলমাত্র তালিকাভুক্ত দলীয় সদস্যরা পিটিশনে স্বাক্ষর করতে পারেন। তবে, সাধারণ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিযোগিতা করতে ইচ্ছুক কোন

প্রার্থীর পক্ষে যথাযথ জেলায় বসবাসকারী যেকোন নিবন্ধিত ভোটার পিটিশনে স্বাক্ষর করতে পারেন যদি না তিনি ইতিমধ্যে অন্য কোন প্রার্থীর পক্ষে স্বাক্ষর করে থাকেন।

“পিটিশনে স্বাক্ষর করা নিয়ে আমার কি চিন্তিত হওয়া উচিৎ?”

একেবারেই না! পিটিশনে স্বাক্ষর করাটা নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের একটি গুরুত্বপূর্ণ উপায়।

“প্রাথমিক নির্বাচন বলতে কি বোঝায়?”

প্রাথমিক নির্বাচন হলো এক ধরনের নির্বাচন যা নিউ ইয়র্ক স্টেটের সরকার অনুমোদিত প্রত্যেকটি রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরে অনুষ্ঠিত হতে পারে। এটা সাধারণ নির্বাচনের আগে হয়ে থাকে এবং রাজনৈতিক দলগুলোর তালিকাভুক্ত সদস্যদেরকে সাধারণ নির্বাচনের জন্য তাদের দলীয় প্রার্থী মনোনয়নের এবং সেইসাথে দলীয় বিভিন্ন নেতৃবৃন্দ নির্বাচনের সুযোগ দিয়ে থাকে। তবে, যদি কোন প্রতিযোগিতা না থাকে তাহলে কোন প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হয় না।

“কেন আমার একটি রাজনৈতিক দলে তালিকাভুক্ত হওয়া উচিৎ?”

তালিকাভুক্ত সদস্যগণ যারা পিটিশনে স্বাক্ষর এবং প্রাথমিকে ভোট দিয়ে দলের প্রার্থী মনোনয়নে সাহায্য করেন তারা তালিকাভুক্ত না হওয়া ভোটারদের (যারা কেবলমাত্র সাধারণ নির্বাচনে ভোট দিতে পারেন) তুলনায় রাজনীতিতে অধিক ভূমিকা রাখেন। উপরন্তু, আপনি সাধারণ নির্বাচনে আপনার দলের প্রার্থীকে ভোট দিতে বাধ্য নন। নভেম্বরে, যেকোন দলের যেকোন প্রার্থীকে ভোট দিতে পারেন।

“আমি কিভাবে একটি রাজনৈতিক দলে তালিকাভুক্ত হতে পারি?”

নিবন্ধন কিংবা পুনরায় নিবন্ধন করার সময় নিবন্ধন পত্রে পছন্দ নির্দেশ করার মাধ্যমে অথবা একটি বাতিল যোগ্য এ্যাফিডেভিট ব্যালটে এই ধরনের কোন পরিবর্তন সম্পর্কে উল্লেখ করে স্বেচ্ছায় যেকোন দলে তালিকাভুক্ত হতে পারেন।

“আমি নির্বাচনের দিন ভোট দিতে না পারলে কি হবে?”

যদি প্রাথমিক, সাধারণ, বা বিশেষ নির্বাচনের দিন শহরের বাইরে থাকেন অথবা ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে শারীরিকভাবে অক্ষম হোন, তাহলে অ্যাবসেন্টি ব্যালট এর মাধ্যমে ভোট দিতে পারেন।

“আমি কিভাবে অ্যাবসেন্টি ব্যালট পেতে পারি?”

বোর্ড অব ইলেকশনসের কাছে চিঠি লিখে, টোল-ফ্রি 1-866-VOTE-NYC **বা** (212)VOTE-NYC নম্বরে ফোন করে, **অ্যাবসেন্টি ব্যালটের** অনুরোধ জানিয়ে vote@boe.nyc.ny.us ঠিকানায় ইমেইল করতে পারেন (বিষয়ের ক্ষেত্রে বরো উল্লেখ করুন) অথবা আমাদের অ্যাবসেন্টি পৃষ্ঠায় অ্যাবসেন্টি ব্যালটের আবেদন পত্র সম্পর্কিত তথ্যাদি জানতে পারেন।
এই ফরমটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন:

http://vote.nyc.ny.us/downloads/pdf/forms/boe/absenteevoting/absbengali.pdf

“আমি কিভাবে কাগজের ব্যালট চিহ্নিত করতে পারি?”

কাগজের ব্যালটের উপর মুদ্রিত নির্দেশনাগুলো পড়তে ভুলবেন না। কাগজের ব্যালটগুলোকে স্ক্যানারে দিয়ে স্ক্যান করে ভোট গণনা করা হয়, সুতরাং ভোট গণনায় আসার জন্য ব্যালটটি অবশ্যই সঠিকভাবে চিহ্নিত করতে হবে। কেবলমাত্র পছন্দের পাশের বা উপরের বৃত্তটি পূরণ করুন। নীল বা কালো কালির একটি কলম দিয়ে বৃত্তগুলো পূরণ করুন। ব্যালটের উপরে অন্য কোথাও কোন দাগ দেবেন না, যদি এমন কাউকে ভোট দিতে চান যার নাম ব্যালটে উল্লেখ নেই তাহলে লিখে দেয়ার ঘরে

তার নাম লিখুন এবং সেই ঘরের উপরের বৃত্তটি পূরণ করুন। যদি কোন প্রস্তাবনার উপর ভোট থাকে, তাহলে সেগুলো ব্যালটের উল্টো দিকে পাবেন। "হ্যাঁ" বা "না" এর পাশের বৃত্তটি পূরণ করার মাধ্যমে আপনার ভোট দিন।

"আমি একজন প্রতিবন্ধী। আমি কোথায় ভোট দিতে পারি?"

এখন প্রায় সবগুলো ভোটকেন্দ্র প্রতিবন্ধীদের জন্য প্রবেশযোগ্য। যদি আপনার ভোটকেন্দ্র প্রবেশযোগ্য না হয়, তাহলে নিকটবর্তী একটি প্রবেশযোগ্য ভোটকেন্দ্রে আপনার নথি স্থানান্তর করার জন্য অনুরোধ জানাতে পারেন যেখানকার ব্যালট আপনার ইলেকশন ডিসট্রিক্টের মত একই হবে। এছাড়াও আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন। যদি আপনার দীর্ঘ-মেয়াদী বা স্থায়ী কোন অসুস্থতা বা প্রতিবন্ধকতা থাকে, তাহলে একটি স্থায়ী অ্যাবসেন্টি ব্যালটের জন্য আবেদন করতে পারেন এবং প্রতিটি প্রাথমিক, বিশেষ ও সাধারণ নির্বচনের আগে স্বয়ংক্রিয়ভাবে একটি করে অ্যাবসেন্টি ব্যালট পাবেন।

"আমি ভোট দিতে যাওয়ার সময় আমার কি কি জিনিস লাগবে?"

২০০২ সালে পাশ হওয়া আইন **হেল্প অ্যামেরিকা ভোট অ্যাক্ট (হাভা)** অনুযায়ী, প্রথমবার ভোটার হওয়া সব ব্যক্তি তাদের ভোটের জন্য নিবন্ধনের আবেদন পত্রের সাথে পরিচয়ের প্রমাণপত্র জমা দিতে হবে অথবা নিবন্ধনের আবেদন পত্রে প্রদত্ত পরিচয় প্রমাণের জন্য পরবর্তীতে বাড়তি কাগজপত্র জমা দিতে হবে, যেমন, ড্রাইভার্স লাইসেন্স নম্বর, নন-ড্রাইভার্স পরিচয়পত্র নম্বর বা সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা। ডাকযোগে আপনার নিবন্ধন ফরম জমা দেয়ার সময় যদি ড্রাইভার্স লাইসেন্স নম্বর, নন-ড্রাইভার্স পরিচয়পত্র নম্বর বা সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা উল্লেখ না করেন, তাহলে নিবন্ধনের আবেদন পত্রের সাথে নিম্নে উল্লেখিত কাগজপত্রগুলোর যেকোন একটির কপি সংযুক্ত করতে পারেনঃ সাম্প্রতিক এবং ছবিসহ বৈধ পরিচয়পত্র; সাম্প্রতিক ইউটিলিটি বিল; ব্যাংক স্টেটমেন্ট; সরকারি চেক বা বেতনের চেক; সরকারি কাগজপত্র যেগুলোতে নাম ও ঠিকানা উল্লেখ রয়েছে। যদি কোন ভোটার নির্বাচনের দিন ভোট দেয়ার সময় পর্যন্ত পরিচয়ের কোন ধরনের গ্রহণযোগ্য প্রমাণ প্রদান না করে থাকেন, তাহলে সেই ভোটারকে ভোটকেন্দ্রে স্ক্যানারের মাধ্যমে ভোট দিতে দেয়া হবে না, কিন্তু তিনি এ্যাফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। সেই ভোটারের ভোটাধিকার ক্ষুণ্ণ করা হবে না।

"আমাকে ভোটকেন্দ্রে পৌঁছানোর পর কি করতে হবে?"

ভোটকেন্দ্রে প্রবেশ করার পর, এক বা একাধিক ইলেকশন ডিসট্রিক্ট (ই.ডি.) টেবিল দেখতে পাবেন। আপনার ই.ডি. টেবিলে একটি কম্পুটারাইজড ভোটার তালিকায় আপনার মূল স্বাক্ষরের নির্ণয় করা কপির উপরের একটি জায়গায় স্বাক্ষর করতে বলা হবে। তারপর একটি কাগজের ব্যালট দেয়া হবে এবং গোপন কক্ষে যাওয়ার জায়গা দেখিয়ে দেয়া হবে যেখানে আপনি ব্যালট চিহ্নিত করবেন এবং সেটি স্ক্যানারের কাছে নিয়ে যাবেন।

"আমাকে ভোট দেয়ার অনুমতি দেয়া না হলে কি হবে?"

যদি নাম ভোটার তালিকায় না থাকে, তাহলে ঠিকানা অনুযায়ী যথাযথ ইডি/এডি টেবিলে এসেছেন কিনা তা যাচাই করে দেখার জন্য পরিদর্শককে বলুন। সঠিক ইলেকশন ও অ্যাসেম্বলি ডিসট্রিক্টে আছেন কিনা তা নিশ্চিত হয়ে নিন। পূরণ করা নিবন্ধন ফরম সর্বশেষ সময়সীমার মধ্যে না পৌঁছালে অথবা, প্রাথমিকের ক্ষেত্রে, আপনি কোন দলে তালিকাভুক্ত না হলে এটি হতে পারে। তারপরেও যদি মনে করেন যে আপনি যোগ্য, তাহলে আপনি ভোট দিতে পারবেন। একটি এ্যাফিডেভিট/হলফ নামা ব্যালটের জন্য অনুরোধ জানান। নির্বাচনের পর, দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক তার রেকর্ডগুলো যাচাই করে দেখবে এবং যদি সত্যিই যোগ্য হয়ে থাকেন এবং সঠিক ভোটকেন্দ্রে গিয়ে থাকেন তাহলে আপনার

ভোট গণনা করা হবে। তা না হলে, একটি নোটিশ পাঠিয়ে জানিয়ে দেয়া হবে যে আপনি যোগ্য নন, এবং ভবিষ্যৎ নির্বাচনগুলোতে ভোট দেয়ার যোগ্যতা প্রাপ্তির জন্য একটি নিবন্ধনের আবেদন পত্র পাঠানো হবে।

"স্ক্যানার কিভাবে কাজ করে?"

স্ক্যানার সম্পর্কিত নির্দেশনা:

- আপনার ব্যালট স্ক্যানারের জায়গায় নিয়ে যান
- আপনার পছন্দের ভাষা বেছে নিন
- ব্যালটটি প্রবেশ করান

বিস্তারিত জানার জন্য http://www.vote.nyc.ny.us/html/newway_en/new_way.shtml দেখুন।

বিএমডি-ব্যালট মার্কিং ডিভাইস সম্পর্কিত নিদর্শনা

BMD সম্পর্কিত ভিডিও

- ভোটারদের ব্যালট ব্যবহারের জন্য বিএমডি দুইভাবে সুবিধা দিয়েছে:
    - পর্দার উপর ব্যালট দেখা
    - অডিও হেড ফোনের মাধ্যমে ব্যালটের লেখাগুলো শোনা
- স্পর্শ পর্দা
- কী প্যাড (ব্রেইল)
- চুমুক এবং ফুঁ দেওয়ার যন্ত্র (সিপ অ্যান্ড পাফ ডিভাইস)
- দোলন দাড় (রকার প্যাডেল)

ব্যালটটি চিহ্নিত করার পর, বাছাইগুলো পর্যালোচনা করুন। কোন পছন্দে পরিবর্তন করতে চাইলে, যে প্রতিযোগিতা অথবা বিষয়গুলোতে পরিবর্তন করতে ইচ্ছুক সেগুলো বেছে নিন এবং যথাযথ পছন্দ পুনরায় বাছাই করুন। বাছাই সম্পন্ন হলে সারসংক্ষেপ পর্দায় ফেরত যাবার জন্য "পরবর্তী পৃষ্ঠা" চাপুন।

- ব্যালট চিহ্নিতকরণের পরে, "পরবর্তী পৃষ্ঠা" চাপুন। "ব্যালট চিহ্নিত করুন" চেপে চিহ্নিত করা ব্যালট সংগ্রহ করুন।
- আপনার চিহ্নিত করা ব্যালট স্ক্যানারের জায়গায় নিয়ে যান।

"যদি আমার সাহায্যের দরকার হয়?"

প্রতিবন্ধী কিংবা ব্যালট পড়তে অক্ষম হলে যদি কোন সাহায্যের দরকার হয়, ফেডারেল আইনানুযায়ী সাহায্য করতে গোপন কক্ষে কোন বন্ধু বা আত্মীয়কে নিয়ে যেতে পারেন। ভোটকেন্দ্রের পরিদর্শকরাও আপনাকে সাহায্যের জন্য প্রস্তুত থাকবেন।

"যদি আমি ভোট দেয়ার জন্য নিবন্ধন করি, তাহলে কি আমাকে জুরি ডিউটির জন্য ডাকা হবে?"

ভোটার নিবন্ধন তালিকার পাশাপাশি স্টেটের করদাতা ও লাইসেন্সধারী ড্রাইভারদের তালিকা থেকেও জুরিদেরকে বেছে নেয়া হয়। জুরি হিসাবে দায়িত্ব পালন করা এড়াতে পারবেন এই আশায় ভোট দেয়ার অধিকার বিসর্জন দেবেন না। যদি আপনি কর প্রদান করেন অথবা গাড়ি চালান, তাহলেও আপনাকে ডাকা হতে পারে। এছাড়াও, জুরি হিসেবে দায়িত্ব পালন করা হচ্ছে একটা বিশেষ অধিকার, যা আপনাকে ব্যক্তিগতভাবে সকল মার্কিন নাগরিকদের পক্ষাবলম্বনের সুযোগ করে দেয় যাদের আত্মপক্ষ সমর্থনের মাধ্যমে জুরিদের দ্বারা বিচার পাবার অধিকার আছে।

"বড় ধরনের অপরাধে দোষী সাব্যস্ত হলে আমার ভোট দেয়ার অধিকার কি প্রভাবিত হবে?"

নিবন্ধিত হতে বা ভোট দিতে পারবেন <u>না</u> যদি বড় ধরনের অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন এবং সেই অপরাধের কারণে:

- বর্তমানে কারাগারে থাকেন; অথবা
- শর্তাধীন মুক্তিতে (প্যারোলে) থাকেন।

আপনি নিবন্ধন করতে বা ভোট দিতে পারবেন যদি বড় ধরনের অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন এবং সেই কারণেঃ

- আপনাকে প্রবেশনের আদেশ দেয়া হয়;
- আপনাকে কারাদণ্ড দেয়া না হয় অথবা আপনার কারাদণ্ড মুলতবি করা হয়;
- আপনি কারাদণ্ডের সম্পূর্ণ মেয়াদ পার করেছেন; এই ক্ষেত্রে আপনি ভোট দেয়ার জন্য পুনরায় নিবন্ধিত হতে পারবেন
- আপনি শর্তাধীন মুক্তিতে ছিলেন এবং তারপর আপনাকে অপরাধের অভিযোগ থেকে খালাস দেয়া হয়েছে; এই ক্ষেত্রে আপনি ভোট দেয়ার জন্য পুনরায় নিবন্ধিত হতে পারবেন
- আপনি ক্ষমা পেয়ে থাকেন

"ছোটখাটো অপরাধে দোষী সাব্যস্ত হলে আমার ভোট দেয়ার অধিকার কি প্রভাবিত হবে?"

যদি ছোটখাটো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে আপনি নিবন্ধন করতে ও ভোট দিতে পারবেন, এমনকি কারাগারে থাকা অবস্থাতেও। নিউ ইয়র্কের আদালতে, অন্য কোন স্টেটের আদালতে বা ফেডারেল আদালতে, যেখানেই দোষী সাব্যস্ত হোন না কেন একই নিয়ম প্রযোজ্য হবে। নিবন্ধন করতে এবং ভোট দেয়ার জন্য অপরাধের রেকর্ড সম্পর্কিত কোন কাগজপত্র জমা দিতে হবে না।